

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি সংস্কার বোর্ড  
শাখা-৪(বাজেট)  
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।  
[www.lrb.gov.bd](http://www.lrb.gov.bd)


স্মারক নং- ৩১.০২.০০০০.০১৪.০১.০০৬.১৭.৪৫৫

তারিখ: ১৫ চৈত্র ১৪২৩  
২৯ মার্চ ২০১৭

বিষয় : ভূমি সংস্কার বোর্ড ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের যৌথ উদ্যোগে তৈরীকৃত ই-নামজারি সিস্টেম বাস্তবায়নের নির্দেশনা জারিকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ড ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের মধ্যে বিগত ০২ নভেম্বর ২০১৬ তারিখে স্বাক্ষরিত সমঝোতা স্মারক-এর আওতায় উপজেলা ভূমি অফিসের নামজারি সেবাকে কম খরচে ও কম সময়ে সেবা-গ্রহীতাদের নিকট পৌঁছে দেয়ার জন্য এটুআই ই-নামজারি সিস্টেম তৈরী করে যা এটুআই ও ভূমি সংস্কার বোর্ডের যৌথ উদ্যোগে বর্তমানে বাস্তবায়নধীন। ইতোমধ্যে সিলেট জেলার বিশ্বনাথ, পিরোজপুর জেলার পিরোজপুর সদর, বিনাইদহ সদর, সুনামগঞ্জ জেলার ছাতক, পাবনা জেলার চাটমোহর, সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর ও পঞ্চগড় জেলার পঞ্চগড় সদর উপজেলায় ই-নামজারি বাস্তবায়নের নিমিত্ত প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকায় প্রশিক্ষকদের প্রশিক্ষণ প্রদান ও প্রয়োজনীয় হার্ডওয়্যার সংস্থাপন এবং উপজেলায় ব্যবহারকারীদের প্রশিক্ষণ, অবহিতকরণ সভা ও পাইলট সম্পন্ন হয়েছে। উল্লিখিত উপজেলা ভূমি অফিসসমূহে ই-নামজারি সেবা দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

জেলা প্রশাসক,  
সিলেট, পিরোজপুর, বিনাইদহ, সুনামগঞ্জ, সিরাজগঞ্জ,  
পঞ্চগড় জেলা।

  
(মোঃ রেজাউল কবীর)  
সহকারী ভূমি সংস্কার কমিশনার  
(সিঃ সহঃ সচিব)  
ফোন-৯৫৬২৬৭১  
[alrc4@lrb.gov.bd](mailto:alrc4@lrb.gov.bd), ফ্যাক্স-৯৫৬২২২৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহা-পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম।
- ৩। সদস্য (ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- ৪। উপ-ভূমি সংস্কার কমিশনার, রাজশাহী/ খুলনা/বরিশাল/রংপুর বিভাগ।
- ৫। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। সহকারী কমিশনার (ভূমি), বিশ্বনাথ, সিলেট/সদর, পিরোজপুর/ছাতক, সুনামগঞ্জ/চাটমোহর, পাবনা/ সদর, সিরাজগঞ্জ/ সদর, পঞ্চগড়
- ৭। অফিস কপি।